

ফাতওয়া নাম্বার: ৬০৪

প্রকাশকাল: ১৫-১০-২০২৫ ইং

সম্পূর্ণ বিবস্ত্র হয়ে গোসল করার বিধান

প্রশ্ন:

বাথরুমে গোসল করার সময় পুরো শরীরে ভালোভাবে পানি পৌঁছানোর জন্য অনেক সময় পরনের কাপড় খুলে নিতে হয়। জানার বিষয় হলো-এভাবে সম্পূর্ণ বিবস্ত্র হয়ে গোসল করার কী হুকুম?

মুহাম্মাদ মিজান

উত্তর:

কাপড়ে নাপাক থাকলে সুন্নত হলো, গোসল শুরু করার আগে কাপড় ও শরীরের নাপাকি ধুয়ে নেয়া এবং অজু করা। এরপর কাপড় পরা অবস্থায় গোসল করা। সম্পূর্ণ বিবস্ত্র হয়ে গোসল করা মাকরুহ। -জামে তিরমিযী: ২৭৬৯; উমদাতুল কারী: ৩/২২৮ (দারু ইহয়াইত তুরাসিল আরবী); মিরকাতুল মাফাতীহ: ২/৪৩১ (দারুল ফিকর); হেদায়া: ১/১৯ (দারু ইহয়াইত তুরাসিল আরবী); রদুল মুহতার: ১/১৫৭ (দারুল ফিকর)

والله تعالى أعلم بالصواب

-আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২২-০৪-১৪৪৭ হি.

১৫-১০-২০২৫

